**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 01-06-2026**
**Time: 07:35-07:40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## PM-Maan Ki Baat:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী 'মন কি বাত' অনুষ্ঠানের ১৩৪-তম পর্বে জাতি গঠন, সাংস্কৃতিক গর্ব এবং সম্মিলিত উদ্যোগের গুরুত্ব তুলে ধরেন। গতকাল আকাশবাণী থেকে প্রচারিত প্রতিমাসের এই অনুষ্ঠানে তিনি দেশের ক্রীড়াক্ষেত্রে তরুণদের সাফল্য, প্রাচীন সাংস্কৃতিক ঐতিহ্য পুনরুদ্ধার, গ্রীষ্মকালীন ফল ও ঐতিহ্যবাহী পানীয়, জ্যোতির্বিজ্ঞানের প্রতি যুবসমাজের আগ্রহ, সেনা কল্যাণে নাগরিকদের অবদান, নদী পরিচ্ছন্নতা এবং বন্যপ্রাণ সংরক্ষণ-সহ একাধিক বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। গ্রীষ্মকাল প্রসঙ্গে প্রধানমন্ত্রী দেশের বিভিন্ন অঞ্চলের বিখ্যাত আমের প্রজাতির কথা তুলে ধরেন। তিনি বলেন, →বর্তমানে দেশের বেশিরভাগ অংশই তীব্র গরমে কাবু। এই ঋতুতে নিজের যত্ন নেওয়া খুব জরুরি - জল পান করতে থাকুন, রোদে বের হওয়ার সময় সতর্ক থাকুন। প্রধানমন্ত্রী মোদী বলেন, →গ্রীষ্মের আগমনের সঙ্গে সঙ্গে প্রতিটি ঘরে আরেকটি আলোচনা শুরু হয় - সেটি হলো আম নিয়ে৷ তিনি বিভিন্ন প্রদেশের বিভিন্ন ধরনের আমের বৈশিষ্ট্য বিস্তারিত উল্লেখ করে বলেন, আমের অভিযাত্রা এখন গ্রাম থেকে বিশ্ব বাজারেও পৌঁছে যাচ্ছে। তিনি আম চাষের সঙ্গে যুক্ত কৃষক বন্ধুদের অবদানের প্রশংসা করেন। জ্যোতির্বিজ্ঞানের প্রতি তরুণদের আগ্রহের প্রসঙ্গ তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, জ্যোতির্বিজ্ঞানের প্রতি ভারতীয়দের বরাবরই বিশেষ আকর্ষণ রয়েছে৷ তিনি যুবকদের অবশ্যই জ্যোতির্বিজ্ঞান ক্লাবে যোগ

দিতে উৎসাহিত করেন এবং এই ছুটির সময়, একটি প্ল্যানেটেরিয়ামেও ঘুরে আসতে বলেন।

########Byte PM########

******************************

**Shibraj Singh Chouhan :**

কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ মধ্যপ্রদেশের রায়সেন জেলা থেকে 'ক্ষেত বাঁচাও অভিযান'-এর উদ্বোধন করবেন।এই প্রচার অভিযানটি চলতি মাসের শেষ দিন,৩০শে জুন পর্যন্ত চলবে। এই অভিযানের মূল লক্ষ্য হবে সারের সুষম ও বিচক্ষণ ব্যবহার, আবহাওয়াজনিত প্রতিকূলতার পরিপ্রেক্ষিতে কৃষকদের সময়োচিত পরামর্শ প্রদান, পঞ্চায়েত পর্যায়ে সক্রিয় অংশগ্রহণ এবং প্রকল্পগুলির সুফল সরাসরি গ্রামে পৌঁছে দেওয়া।

********************

**PM Modi -Myanmar President:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নয়া দিল্লিতে মায়ানমারের রাষ্ট্রপতি উ মিন অং হ্লাইং-এর সঙ্গে বৈঠক করবেন। দুই দেশের মধ্যে ঐতিহাসিক ও সভ্যতামূলক সম্পর্ককে আরও শক্তিশালী করার বিষয়ে এই আলোচনা অনুষ্ঠিত হবে।এই আলোচনায় নিরাপত্তা ও সংযোগসহ মায়ানমার ও ভারতের মধ্যকার সম্পর্কের সমগ্র পরিসর নিয়ে আলোচনা হবে। জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভাল গতকাল সন্ধ্যায় নয়া দিল্লিতে সফররত এই রাষ্ট্রপ্রধানের সঙ্গে সাক্ষাৎ করেছেন। রাষ্ট্রপতি উ মিন অং হ্লাইং মায়ানমার-ভারত বিজনেস ফোরামেও ভাষণ দেন।উল্লেখ্য মায়ানমারের রাষ্ট্রপতি প্রথমবার পাঁচ দিনের ভারত সফরে শনিবার বিহারের গয়ায় এসে পৌঁছান।

*********************

**PM SVANidhi Union Minister**

কেন্দ্রীয় শহুরী বিকাশ, নগোরন্নয়ন ও বিদ্যুৎ মন্ত্রী মনোহর লাল বলেছেন, রাজ্যে স্ট্রিট ভেন্ডর অর্থাৎ পথ ব্যবসায়ীদের মধ্যে পিএম স্বনিধি যোজনায় ৯ হাজার ৩০০ জনকে ১৫ কোটি টাকারও বেশি ঋন দেওয়া হয়েছে। পিএমস্বনিধি কর্মসূচীর ৬ বছর পূর্তি উপলক্ষে গতকাল আগরতলায় মুক্তধারা অডিটরিয়ামে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি একথা বলেন| কেন্দ্রীয় মন্ত্রী অনুষ্ঠানে পথ ব্যবসায়ীদের হাতে ঋনের চেক তুলে দেন, ডিজিটাল লেনদেনের জন্য কিউ আর কোড বিতরন করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহাও ভাষণ দেন| এর আগে কেন্দ্রীয় মন্ত্রী ও মুখ্যমন্ত্রী এই অডিটরিয়ামেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মন কি বাত অনুষ্ঠানে শোনেন। উপস্থিত ছিলেন সাংসদ রাজীব ভট্টাচার্য, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার প্রমুখ।

********************

**PM SVANidhi Union Minister-2:**

এদিকে, আগরতলার সরকারী অতিথিশালায় বিদ্যুৎ এবং নগর উন্নয়নের কিছু প্রকল্প নিয়ে গতকাল পর্যালোচনা বৈঠকও করেন কেন্দ্রীয় বিদ্যুৎ ও নগর উন্নয়ন মন্ত্রী মনোহর লাল। পরে তিনি সাংবাদিক সম্মেলনে বলেন, বৈঠকে পিএম স্বনিধি প্রকল্প, বর্জ্য ব্যবস্থাপনা, স্বাস্থ্যবিধি ও পরিস্কার শহর, পিএম সৌর বিদ্যুৎ বিজলি যোজনা, ইন্টার স্টেট ট্রান্সমিশন লাইন সংযোগ ইত্যাদি বিষয় নিয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয়| তিনি রাজ্যে পরিচ্ছন্নতার জন্য ২৭ কোটি টাকা বরাদ্দের কথা জানান এবং বিদ্যুৎ খাতে ত্রিপুরার কর্মক্ষমতার প্রশংসা করেন কেন্দ্রীয় মন্ত্রী।

*******************

**Yog day by Army** :

আন্তর্জাতিক যোগ দিবসের প্রস্তুতি উপলক্ষে ঐতিহাসিক উজ্জয়ন্ত প্রাসাদ চত্বরে গতকাল বিশেষ যোগাভ্যাস কর্মসূচির আয়োজন করেছিল ভারতীয় সেনাবাহিনী। সেনা বাহিনীর স্পিয়ার কর্পসের অধীন রেড শিল্ড ডিভিশনের উদ্যোগে এই অনুষ্ঠানে অংশ নেন সেনাবাহিনীর জওয়ানরা। সমাজের সঙ্গে নিবিড় সম্পর্ক গড়ে তোলা, সুস্থ জীবনধারা প্রচার এবং সাংস্কৃতিক সংহতি জোরদার করার লক্ষ্যে ভবিষ্যতেও এ ধরনের জনমুখী কর্মসূচি অব্যাহত থাকবে বলে ভারতীয় সেনাবাহিনী এক বিবৃতিতে জানিয়েছে।

*******************

**Bangiya Sangeet Parishad** :

বঙ্গীয় সঙ্গীত পরিষদের ৫0 বছর পূর্তি এবং বার্ষিক সমাবর্তনের দুদিন ব্যাপী অনুষ্ঠান গতকাল সম্পন্ন হয়েছে। রবীন্দ্র শতবার্ষিকী ভবনে রাজ্যভিত্তিক এই সমাবর্তনে প্রায় সাতশ পরীক্ষার্থীকে চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ হবার জন্য অভিজ্ঞানপত্র প্রদান করা হয়। সমাবর্তনের উদ্বোধন করেন বিশিষ্ট শিক্ষাবিদ রামেশ্বর ভট্টাচার্য। উপস্থিত ছিলেন মহারাজা বীর বিক্রম বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ডা: সুমন্ত চক্রবর্তী। অনুষ্ঠানে রাজ্যের বিশিষ্ট চিকিৎসক ডা: জয় চক্রবর্তীকে সম্বর্ধনা জানানো হয়।

*******************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.৩ ডিগ্রি সেলসিয়াস।

********************

*************